রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শা-আইন-১।

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই অগ্রহায়ণ, ১৪০০/১লা ডিসেম্বর, ১৯৯৩

নং এস, আর, ও ২৩৩-আইন/৯৩/শা-আইন-১/১আর-৫/৯৩/৯৩—Local Government (Union Parishads) Ordinance, 1983 (LI of 1983) এর section 83, section 5 এর sub-section (3) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা ইউনিয়ন পরিষদ (সংরক্ষিত আসন) নির্বাচন বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধ্যাদেশ" অর্থ Local Government (Union Parishads) Ordinance, 1983 (LI of 1983);

(খ) "জোন" অর্থ বিধি ৩ এর অধীন বিভাজিকৃত জোন ;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোন তফসিল ;

(ঘ) "ধারা" অর্থ অধ্যাদেশের কোন section;

মূল্য : টাকা ৪.০০

(ঙ) "নির্বাচন" অর্থ সংরক্ষিত আসনে নির্বাচন ;

(চ) "প্রার্থী" অর্থ নির্বাচনের কোন প্রার্থী ;

(ছ) "ফরম" অর্থ তফসিল-১ এ বিধৃত কোন ফরম ;

(জ) "ভোটার" অর্থ অধ্যাদেশের ধারা ৫(১) এ উল্লিখিত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও নয়জন সদস্য ;

(ঝ) "রিটার্নিং অফিসার" অর্থ বিধি ৪ এ উল্লিখিত রিটার্নিং অফিসার এবং সহকারী রিটার্নিং অফিসার ও ইহার অন্তর্ভুক্ত হইবে ;

(ঞ) "সংরক্ষিত আসন" অর্থ অধ্যাদেশের ধারা ৫(৩) এ উল্লিখিত reserved seats।

৩। **নির্বাচন জোন নির্ধারণ।**—(১) এলাকার অখন্ডতা এবং যতদূর সম্ভব জনসংখ্যার বিন্যাসের প্রতি লক্ষ্য রাখিয়া নির্বাচনের জন্য থানা নির্বাহী অফিসার, সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে প্রদত্ত নির্দেশ সাপেক্ষে, প্রতিটি ইউনিয়নকে তিনটি জোনে বিভক্ত করিবেন।

(২) প্রত্যেক জোন হইতে একজন করিয়া মহিলা সদস্যা নির্বাচিত হইবেন।

৪। **রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার।**—(১) প্রত্যেক থানা নির্বাহী অফিসার তাঁহার থানাধীন সকল নির্বাচনের রিটার্নিং অফিসার হইবেন।

(২) রিটার্নিং অফিসারের কর্তব্য হইবে অধ্যাদেশ এবং এই বিধিমালার বিধানাবলী অনুসারে নির্বাচন অনুষ্ঠান ও পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল কার্য সম্পাদন করা।

(৩) নির্বাচন পরিচালনার ব্যাপারে তাঁহাকে সহায়তা করার জন্য রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট থানায় কর্মরত সরকারী কর্মকর্তাগণের মধ্য হইতে প্রয়োজনীয় সংখ্যক সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিতে পারিবেন।

(৪) রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণ এবং তৎকর্তৃক প্রদত্ত নির্দেশ সাপেক্ষে, সহকারী রিটার্নিং অফিসার রিটার্নিং অফিসারের ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিবেন।

৫। **নির্বাচনের বিভিন্ন পর্যায়ের তারিখ নির্ধারণ সম্পর্কিত প্রজ্ঞাপন।**—(১) নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে রিটার্নিং অফিসার, এতদুদ্দেশ্যে সরকার প্রদত্ত নির্দেশ সাপেক্ষে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিম্নরূপ তারিখসমূহ নির্ধারণ করিবেন, যথাঃ—

(ক) প্রার্থী মনোনয়নের তারিখ, যাহা উক্ত প্রজ্ঞাপন প্রকাশের তারিখের অন্ততঃ পাঁচদিন পরের একটি তারিখ হইবে ;

(খ) মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ ;

(গ) প্রার্থীতা প্রত্যাহারের তারিখ ;

(ঘ) ভোট গ্রহণের তারিখ, যাহা প্রার্থীতা প্রত্যাহারের তারিখ হইতে অন্ততঃ দশ দিন পরের একটি তারিখ হইবে।

(২) রিটার্ণিং অফিসার উপ-বিধি (১) এর অধীন প্রকাশিত প্রজ্ঞাপনের অনুলিপি তাঁহার অফিস, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং তৎকর্তৃক গুরুত্বপূর্ণ বিবেচিত ইউনিয়নের অন্যান্য প্রকাশ্য স্থানে সাটিয়া দিবেন।

৬। **প্রার্থীর যোগ্যতা।**—অধ্যাদেশের ধারা ৭ এর অধীন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সদস্য হইবার যোগ্যতাসম্পন্ন যে কোন মহিলা নির্বাচনে প্রার্থী হইবার যোগ্য হইবেন।

৭। **মনোনয়ন।**—(১) কোন সংরক্ষিত আসনে নির্বাচনের উদ্দেশ্যে কোন ভোটার, বিধি ৬ মোতাবেক প্রার্থী হইবার যোগ্যতাসম্পন্ন সংশ্লিষ্ট জোনের কোন বাসিন্দার নাম প্রস্তাব বা অনুরূপ প্রস্তাব সমর্থন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন প্রস্তাব ও সমর্থন ফরম 'ক'-তে বিধৃত মনোনয়নপত্র আকারে দাখিল করিতে হইবে।

(৩) মনোনয়নপত্র প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক দস্তখতকৃত বা টিপসহিকৃত হইতে হইবে এবং উহাতে প্রার্থী এই মর্মে প্রত্যায়ন করিবেন যে, তিনি তাঁহার মনোনয়নে সম্মত আছেন এবং এই বিধিমালা, অধ্যাদেশ বা আপাততঃ বলবৎ অন্য কোন আইন অনুসারে তিনি অযোগ্য নহেন।

(৪) প্রতিটি মনোনয়নপত্র প্রার্থী, প্রস্তাবকারী বা সমর্থনকারী কর্তৃক উহা দাখিলের তারিখে রিটার্ণিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে এবং রিটার্ণিং অফিসার উহা দাখিলের তারিখ ও সময় মনোনয়ন পত্রে লিপিবদ্ধ করিবেন।

ব্যাখ্যা।—এই উপ-বিধির উদ্দেশ্য পূরণকল্পে 'বাসিন্দা' অর্থ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সদস্য নির্বাচনের উদ্দেশ্যে প্রস্তুতকৃত মহিলা ভোটার তালিকায় তালিকাভুক্ত একজন ভোটদাত্রী।

৮। **জামানত।**—(১) প্রত্যেক প্রার্থীকে নির্বাচনের জামানত হিসাবে পাঁচশত টাকা নগদে বা সরকারী ট্রেজারী বা কোন তফসিলী ব্যাংকে জমা করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত নগদ টাকা রিটার্ণিং অফিসারের নিকট জমা দিতে হইবে যিনি উহার স্বীকৃতি স্বরূপ ফরম 'খ' পূরণ করিয়া একটি রশিদ প্রদান করিবেন এবং জমাকৃত টাকা উপ-বিধি (৩) এ উল্লিখিত খাতে জমা দিবেন।

(৩) রিটার্ণিং অফিসার অথবা ক্ষেত্রমত কোন প্রার্থী এই বিধির অধীন প্রদেয় জামানতের টাকা "৮৮-বিভাগীয় ও বিচার বিভাগীয় জমা (১) বেসামরিক জমা নির্বাচন সংক্রান্ত জমা" খাতে জমা দিবেন।

(৪) কোন প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হইলে, একাধিক জামানতের প্রয়োজন হইবে না।

(৫) এই বিধির অধীন প্রদেয় জামানতের টাকা জমাদানের প্রমানস্বরূপ রিটার্ণিং অফিসার কর্তৃক ইস্যুকৃত রশিদ বা, ক্ষেত্রমত, ট্রেজারী চালান বা তফসিলী ব্যাংকের রশিদ এর কপি মনোনয়নপত্রের সহিত জমা দিতে হইবে, অন্যথায় রিটার্ণিং অফিসার মনোনয়নপত্র গ্রহণ করিবেন না।

৯। **বাছাই।**—(১) প্রার্থী, তাহার প্রস্তাবকারী ও সমর্থনকারী এবং প্রার্থী কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রদত্ত অন্য একজন ব্যক্তি মনোনয়নপত্র বাছাই এর সময় উপস্থিত থাকিতে পারিবেন।

(২) রিটার্নিং অফিসার প্রত্যেক জোনের নির্বাচনের জন্য তাহার নিকট দাখিলকৃত সকল মনোনয়নপত্র পরীক্ষার জন্য উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যক্তিগণকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবেন।

(৩) রিটার্নিং অফিসার উক্ত বাছাই অনুষ্ঠানে উপস্থিত ব্যক্তিগণের সম্মুখে মনোনয়নপত্র পরীক্ষা করিবেন এবং কোন মনোনয়নের ব্যাপারে তাহাদের উত্থাপিত আপত্তি সম্পর্কে সিদ্ধান্ত প্রদান করিবেন।

(৪) রিটার্নিং অফিসার তাহার নিজ উদ্যোগে অথবা উপ-বিধি (১) এ উল্লিখিত কোন ব্যক্তি কর্তৃক উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে তৎকর্তৃক উপযুক্ত বলিয়া বিবেচিত প্রয়োজনীয় তদন্ত অনুষ্ঠান করিতে পারিবেন এবং তিনি যে কোন মনোনয়নপত্র বাতিল করিতে পারিবেন, যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে,—

(ক) প্রার্থী সংরক্ষিত আসনে নির্বাচিত হইবার যোগ্য নহেন ;

(খ) প্রস্তাবকারী বা সমর্থনকারী ভোটার নহেন ;

(গ) বিধি ৬ বা বিধি ৭ এর কোন বিধান পালন করা হয় নাই ; অথবা

(ঘ) প্রস্তাবকারী বা সমর্থনকারীর স্বাক্ষর বা টিপসহি খাঁটি নহে ঃ

তবে শর্ত থাকে যে,—

(অ) কোন মনোনয়নপত্র বাতিল হইলে তাহা সংশ্লিষ্ট প্রার্থীর অন্য কোন বৈধ মনোনয়নকে অবৈধ প্রতিপন্ন করিবে না ; এবং

(আ) রিটার্নিং অফিসার কোন মনোনয়নপত্র এইরূপ কোন ত্রুটির কারণে বাতিল করিবেন না যাহা গুরুতর প্রকৃতির নহে এবং তিনি অনুরূপ যে কোন ত্রুটি অবিলম্বে সংশোধনের জন্য অনুমতিও দিতে পারিবেন ।

(৫) মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল করার সময়ে রিটার্নিং অফিসার উহাতে তাহার সিদ্ধান্ত লিখিয়া সই করিবেন, এবং তিনি যদি উহা বাতিল করেন, তাহা হইলে উহার কারণ সম্পর্কে একটি সংক্ষিপ্ত বিবরণ লিপিবদ্ধ করিবেন।

১০। **মনোনয়ন বাতিলের বিরুদ্ধে আপীল।**—(১) বিধি ৯ এর অধীনে কোন প্রার্থীর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল করা হইলে, উক্ত প্রার্থী, বাছাইয়ের তারিখের সাত দিনের মধ্যে, উক্ত বাতিলের বিরুদ্ধে জেলা প্রশাসকের নিকট আপীল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন দায়েরকৃত আপীল প্রয়োজনীয় সংক্ষিপ্ত পরীক্ষা ও তদন্তের পর এবং উহা দায়েরের তারিখ হইতে দুই দিনের মধ্যে নিস্পত্তি করিতে হইবে এবং আপীলে প্রদত্ত জেলা প্রশাসকের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

১১। **বৈধভাবে মনোনীত প্রার্থীগণের তালিকা প্রকাশ।**—(১) রিটার্নিং অফিসার বিধি ৯ এর অধীনে মনোনয়নপত্র বাছাইয়ের পর জোনওয়ারী বৈধভাবে মনোনীত প্রার্থীগণের তালিকা

প্রস্তুত করিয়া তাঁহার অফিস এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের কার্যালয়ের নোটিশ বোর্ডে লটকাইয়া প্রকাশ করিবেন।

(২) বিধি ১০ এর অধীন আপীল করা হইলে উহার উপর সিদ্ধান্তের ভিত্তিতে রিটার্ণিং অফিসার, প্রয়োজনবোধে উপ-বিধি (১) এর অধীন প্রকাশিত তালিকা সংশোধন করিবেন।

১২। **প্রার্থীতা প্রত্যাহার।**—বিধি ১১ এর অধীন প্রকাশিত তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থী রিটার্ণিং অফিসারের উদ্দেশ্যে স্বাক্ষর বা টিপসহিযুক্ত নোটিশের মাধ্যমে তাহার প্রার্থীতা প্রত্যাহার করিতে পারিবেন।

১৩। **প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা।**—বিধি ১২ এর অধীন প্রার্থীতা প্রত্যাহারের তারিখের পর রিটার্ণিং অফিসার প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের তালিকা প্রস্তুত করিয়া তাহার অফিসে এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের কার্যালয়ের নোটিশ বোর্ডে লটকাইয়া প্রকাশ করিবেন।

১৪। **ভোট গ্রহণের পূর্বে প্রার্থীর মৃত্যু।**—ভোট গ্রহণের পূর্বে যদি কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মৃত্যু হয় তাহা হইলে অবশিষ্ট প্রার্থীগণের মধ্যে ভোট গ্রহণ সীমাবদ্ধ থাকিবে।

১৫। **বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচন।**—যদি কোন জোনের নির্বাচনে বৈধভাবে মনোনীত প্রার্থীর সংখ্যা একজন হয়, তাহা হইলে রিটার্ণিং অফিসার তাঁহাকে যথাযথভাবে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

১৬। **নির্বাচন।**—যদি কোন জোনে প্রার্থীর সংখ্যা একাধিক হয়, তাহা হইলে ভোট অনুষ্ঠিত হইবে, এবং তদুদ্দেশ্যে রিটার্ণিং অফিসার ভোট গ্রহণের নির্ধারিত তারিখের অন্ততঃ পাঁচ দিন পূর্বে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং রিটার্ণিং অফিসার কর্তৃক প্রয়োজনীয় বলিয়া বিবেচিত সংশ্লিষ্ট জোনের গুরুত্বপূর্ণ প্রকাশ্য স্থানে বাংলা বর্ণমালার ক্রমানুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম, মনোনয়নপত্রে উল্লিখিতরূপে তাঁহাদের ঠিকানাসহ, একটি তালিকা প্রকাশ করিবেন।

১৭। **ভোট গ্রহণের স্থান ও সময়।**—(১) রিটার্ণিং অফিসার নির্বাচনের ভোট গ্রহণের স্থান ও সময় নির্ধারণ করিয়া নোটিশ দিবেন এবং উক্ত নোটিশ বিধি ৫(২) এ উল্লিখিত স্থানে সাটিয়া দিবেন।

(২) ভোট গ্রহণের তারিখে সকাল ১০ (দশ) ঘটিকা হইতে ১২ (বার) ঘটিকা পর্যন্ত ভোট গ্রহণ করা হইবে।

১৮। **ব্যালট পেপার, ভোট গ্রহণ, ইত্যাদি।**—(১) ভোট গ্রহণের জন্য ব্যালট পেপার ফরম 'গ' অনুযায়ী ছাপানো হইবে:

তবে শর্ত থাকে যে, কোন ইউনিয়নের কোন ভোটার নিরক্ষর হইলে রিটার্ণিং অফিসার তফসিল-২ এ উল্লিখিত প্রতীকগুলির মধ্য হইতে প্রয়োজনীয় সংখ্যক প্রতীক ব্যালট পেপারে প্রার্থীদের নামের বিপরীতে ছাপানোর বন্দোবস্ত করিবেন এবং এতদুদ্দেশ্যে তাহার বিবেচনায় যথাযথ পদ্ধতিতে প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করিবেন।

(২) ভোট গ্রহণের সময় উপস্থিত প্রত্যেক ভোটারকে রিটার্ণিং অফিসার একটি করিয়া ব্যালট পেপার সরবরাহ করিবেন।

(৩) প্রত্যেক ব্যালট পেপারের অপর পৃষ্ঠায় রিটার্নিং অফিসারের সীলমোহরযুক্ত স্বাক্ষর থাকিবে।

(৪) ভোট গ্রহণের স্থানে রিটার্নিং অফিসার তাঁহার সম্মুখে প্রদত্ত ভোটের ব্যালট পেপার জমা করার জন্য একটি ব্যালট বাক্স রাখিবেন এবং ভোট গ্রহণ শুরু হওয়ার নির্ধারিত সময়ের অন্ততঃ আধা ঘন্টা পূর্বে রিটার্নিং অফিসার,—

(ক) ব্যালট বাক্সটি খালি রহিয়াছে মর্মে নিশ্চয়তা বিধানের উদ্দেশ্যে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণকে বা তাহাদের প্রতিনিধিগণকে ব্যালট বাক্সটি দেখাইবেন ;

(খ) অনুরূপভাবে ব্যালট বাক্সটি দেখাইবার পর উহা তালা বন্ধ এবং সীলমোহরযুক্ত করিবেন।

(৫) ব্যালট পেপার প্রাপ্তির পর প্রত্যেক ভোটার রিটার্নিং অফিসার কর্তৃক নির্ধারিত একটি সংরক্ষিত স্থানে যাইবেন এবং তিনি প্রতি জোন হইতে একজন করিয়া মোট তিন জন প্রার্থীর নামের নাম বা ক্ষেত্রমত প্রতীকের বিপরীতে 'x' (ক্রস) চিহ্ন প্রদান করিয়া রিটার্নিং অফিসারের সম্মুখে রাখা ব্যালট বাক্সের ভিতর উহা প্রবেশ করাইবেন।

১৯। **ভোট গণনা ও ফলাফল ঘোষণা।**—(১) ভোট গ্রহণ শেষ হওয়ার পর রিটার্নিং অফিসার প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাহাদের প্রতিনিধি, যদি উপস্থিত থাকেন, এর সম্মুখে ব্যালট বাক্স খুলিয়া প্রদত্ত ভোট গণনা করিবেন।

(২) কোন ভোটার—

(ক) কোন জোনের একাধিক প্রার্থীর নামের বা ক্ষেত্রমত প্রতীকের বিপরীতে 'x' (ক্রশ) চিহ্ন প্রদান করিলে ; বা

(খ) কোন প্রার্থীর নামের বা ক্ষেত্রমত প্রতীকের বিপরীতে 'x' (ক্রশ) চিহ্নের পরিবর্তে অন্য কোন চিহ্ন ব্যবহার করিলে ; বা

(গ) ক্রশ চিহ্নটি যদি এমনভাবে প্রদান করিয়া থাকেন যে, তদ্বারা কোন প্রার্থীকে ভোট প্রদান করা হইয়াছে তাহা নির্ধারণ করা সম্ভব নহে তাহা হইলে সংশ্লিষ্ট জোনের নির্বাচনের উদ্দেশ্যে উক্ত ব্যালট পেপারে প্রদত্ত ভোট বাতিল বলিয়া গণ্য হইবে।

ব্যাখ্যা।—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে ভোট চিহ্ন প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে যদি দেখা যায় যে, 'x' (ক্রশ) চিহ্নটির অর্ধ্যাংশের বেশী উক্ত প্রার্থীর নামের বা ক্ষেত্রমত প্রতীকের বিপরীতে ভোট গ্রহণের স্থানের মধ্যে স্পষ্টভাবে প্রদত্ত হইয়াছে ; এবং যেক্ষেত্রে উক্ত চিহ্ন দুইজন প্রার্থীর স্থানের মধ্যে সমান দুইভাগে বিভক্ত হয় সেক্ষেত্রে ব্যালট পেপারে সেই জোন সম্পর্কিত প্রদত্ত ভোট বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) অনুসারে ভোট গণনা সমাপ্তির পর রিটার্নিং অফিসার গণনার ফলাফল ফরম 'ঘ'-তে লিপিবদ্ধ করিবেন এবং যে প্রার্থীর অনুকূলে সর্বোচ্চ ভোট প্রদত্ত হইয়াছে তাহাকে নির্বাচিত বলিয়া উক্ত ফরমে ঘোষণা করিবেন।

(৪) যে ক্ষেত্রে ভোট গণনার পর দেখা যায় যে, দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে সর্বোচ্চ সংখ্যক ভোট প্রদত্ত হইয়াছে, সেক্ষেত্রে রিটার্নিং অফিসার যেরূপ উপযুক্ত মনে

করেন সেইরূপ পদ্ধতিতে অবিলম্বে লটারীর ব্যবস্থা করিবেন এবং লটারীর ফল যে প্রার্থীর পক্ষে যায় সেই প্রার্থীকে একমাত্র সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত প্রার্থী হিসাবে গণ্য করা হইবে এবং উক্ত লটারীর ফলাফলের ভিত্তিতে তাহাকে ফরম 'ঘ'-তে নির্বাচিত বলিয়া ঘোষণা করা হইবে।

(৫) রিটার্নিং অফিসার ভোট গণনার ফলাফল ও ঘোষণা সম্বলিত ফরম 'ঘ' এর একটি অনুলিপি ইউনিয়ন পরিষদ এবং থানা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে লটকাইয়া প্রকাশ করিবেন এবং কোন প্রার্থী বা তাহার প্রতিনিধি উক্ত অনুলিপি পাইতে চাহিলে তাহাকে একটি অনুলিপি প্রদান করিবেন।

২০। **ফলাফল প্রকাশ।**—বিধি ১৯ এর অধীন নির্বাচনের ফলাফল ঘোষণার পর রিটার্নিং অফিসার জোন ভিত্তিক নির্বাচিত বলিয়া ঘোষিত সকল প্রার্থীর নাম ও ঠিকানা ঘোষিত হইবার তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে সরকারী গেজেটে প্রকাশ করিবেন।

২১। **নির্বাচন সংক্রান্ত কাগজপত্রের সংরক্ষণ।**—রিটার্নিং অফিসার নির্বাচন সংক্রান্ত যাবতীয় কাগজপত্র সীলমোহর করিয়া তাহার কার্যালয়ে সংরক্ষণ করিবেন এবং সরকারের নির্দেশ অনুযায়ী উক্ত কাগজপত্র ধ্বংস বা তৎসম্পর্কে অন্যবিধ ব্যবস্থা গ্রহণ করিবেন।

২২। **জামানত ফেরত বা বাজেয়াপ্ত।**—(১) কোন প্রার্থীর মনোনয়ন বাতিল করা হইলে বা তিনি তাহার প্রার্থীতা প্রত্যাহার করিলে বা নির্বাচন অনুষ্ঠান হইবার পূর্বে তিনি মৃত্যুবরণ করিলে বা উপ-বিধি (২) মোতাবেক জামানত বাজেয়াপ্ত না হইলে তাহার প্রার্থীতার বিপরীতে প্রদত্ত জামানতের টাকা সংশ্লিষ্ট প্রার্থীকে, বা ক্ষেত্রমত তাহার উত্তরাধিকারীকে, ফেরত দেওয়া হইবে।

(২) ভোট গণনা সমাপ্ত হইবার পর যদি দেখা যায় যে, কোন প্রার্থী সংশ্লিষ্ট জোনের নির্বাচনে প্রদত্ত ভোটের এক অষ্টমাংশ ($\frac{1}{8}$) অপেক্ষা কম ভোট পাইয়াছেন তাহা হইলে তাহার জামানতের টাকা বাজেয়াপ্ত করিয়া ইউনিয়ন পরিষদের তহবিলে জমা করা হইবে।

(৩) কোন নির্বাচনের বৈধতার ব্যাপারে প্রশ্ন উত্থাপন করিয়া কোন নির্বাচনী দরখাস্ত দাখিল করা হইলে উহার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত নির্বাচন সংক্রান্ত জামানত কোন প্রার্থীকে ফেরত দেওয়া হইবে না বা উহা বাজেয়াপ্ত করা হইবে না।

(৪) এই বিধির অধীন জামানতের টাকা ফেরত পাওয়ার জন্য সংশ্লিষ্ট প্রার্থী, বা ক্ষেত্রমত তাহার উত্তরাধিকারী, রিটার্নিং অফিসারের নিকট আবেদন করিবেন এবং রিটার্নিং অফিসারের অনুমতি ব্যতিরেকে জামানতের টাকা ফেরত প্রদান করা যাইবে না।

২৩। **অন্যান্য বিষয়।**—Union Parishads (Election) Rules, 1983 এর part III ও IV এর বিধান, প্রয়োজনীয় অভিযোজন সাপেক্ষে (adaptation mutatis mutandis), এই বিধিমালার অধীন নির্বাচনী বিরোধ এবং নির্বাচনী অপরাধ, দণ্ড ও পদ্ধতির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

তফসিল-১

ফরম 'ক'

[ইউনিয়ন পরিষদ (সংরক্ষিত আসন) নির্বাচন বিধিমালা, ১৯৯৩ এর বিধি ৭(২) দ্রষ্টব্য]

সংরক্ষিত আসনে মহিলা সদস্যা হিসাব নির্বাচন প্রার্থীর মনোনয়ন পত্র

———————————— ইউনিয়ন ————————————

———————————— জোন (নম্বর) ————————————

থানা———————————— জেলা ————————————

১। প্রার্থীর নাম ————————————

২। পিতার/স্বামীর নাম————————————

৩। বাসস্থানের ঠিকানা ————————————

৪। যে ওয়ার্ডের ভোটার তালিকায় প্রার্থীর নাম অন্তর্ভুক্ত উহার নাম অথবা নম্বর এবং সেই তালিকায় তাহার ক্রমিক সংখ্যা————————————

৫। প্রস্তাবকারীর নাম————————————

৬। সমর্থনকারীর নাম————————————

৭। বিধি অনুসারে জমাকৃত টাকার রশিদ/ট্রেজারীর চালানের কোন নম্বর ও তারিখ (কপি সংযোজিত করিতে হইবে) ————————————

৮। প্রস্তাবকারীর স্বাক্ষর/নাম বৃদ্ধাংগুলির টিপসই এবং তারিখ————————————

৯। সমর্থনকারীর স্বাক্ষর/নাম বৃদ্ধাংগুলির টিপসই এবং তারিখ ————————————

আমি উপরি-উক্ত মনোনয়নে সম্মতি দান করিয়াছি এবং ঘোষণা করিতেছি যে, আমি অধ্যাদেশের ধারা ৭(২), এই বিধিমালা অথবা আপাততঃ বলবৎ অন্য কোন আইন অনুসারে সংরক্ষিত আসনে নির্বাচিত হওয়ার জন্য অযোগ্য নহি।

(প্রার্থীর স্বাক্ষর/বাম বৃদ্ধাংগুলির টিপসই)

(রিটার্নিং অফিসার পূরণ করিবেন)

ক্রমিক সংখ্যা ——————————————————

মনোনয়ন পত্র দাখিলের সার্টিফিকেট

———————— ইউনিয়ন পরিষদের ————————

———————— জোন হইতে সংরক্ষিত আসনে মহিলা সদস্য হিসাবে সদস্য নির্বাচনের জন্য প্রার্থী ———————— নাম, ————————

ঠিকানা ——————————————————

এর মনোনয়ন পত্র ——————————————————

তারিখে ———————————— ঘটিকায় দাখিল করা হয়।

তারিখ ———————————— রিটার্নিং অফিসারের স্বাক্ষর।

ফরম 'খ'

[ইউনিয়ন পরিষদ (সংরক্ষিত আসন) নির্বাচন বিধিমালা, ১৯৯৩ এর বিধি ৮(২) দ্রষ্টব্য]

জামানতের টাকা জমার রশিদ

	(এই অংশ জমাদানকারীকে প্রদান করিতে হইবে)
ক্রমিক সংখ্যা ————————	ক্রমিক সংখ্যা ————————————
জোন নং————————	ইউনিয়ন পরিষদের মহিলা সদস্য আসনে প্রার্থী জনাবা
প্রাপ্ত টাকার অংক————————	————————————————
জমাদানকারী————————	———— এর নিকট হইতে নগদ————————
জামানত বহিতে ক্রমিক সংখ্যা———	টাকা (অক্ষরে)————টাকা বুঝিয়া পাইলাম
প্রার্থীর নাম————————	এবং জামানত বহিতে————ক্রমিক সংখ্যায়
তারিখ————————	লিপিবদ্ধ করিলাম।

রিটার্নিং অফিসারের স্বাক্ষর	তারিখ———— ————————
	রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সীলমোহর।

ফরম 'গ'

[ইউনিয়ন পরিষদ (সংরক্ষিত আসন) নির্বাচন বিধিমালা, ১৯৯৩ এর বিধি ১৮(১) দ্রষ্টব্য]

ব্যালট পেপার

জোন নং১

প্রার্থীর নাম	ভোটার কর্তৃক ক্রস চিহ্ন প্রদান করিবার স্থান
১।	
২।	
৩।	
৪।	

জোন নং ২

	ভোটার কর্তৃক ক্রস চিহ্ন প্রদান করিবার স্থান
১।	
২।	
৩।	
৪।	

জোন নং-৩

	ভোটার কর্তৃক ক্রস চিহ্ন প্রদান করিবার স্থান
১।	
২।	
৩।	

ফরম 'ঘ'

[ইউনিয়ন পরিষদ (সংরক্ষিত আসন) নির্বাচন বিধিমালা, ১৯৯৩ এর বিধি ১৯(৩) ও (৪) দ্রষ্টব্য]

.................................ইউনিয়ন এর

সংরক্ষিত আসনে নির্বাচনের ফলাফল

ক্রমিক সংখ্যা	জোন নং ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম	প্রদত্ত ভোট বৈধ ভোট	বাতিল ভোট

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, নিম্নে বিধৃত ছকের কলাম-১ এ উল্লিখিত জোনের সংরক্ষিত আসনে, উহার বিপরীতে কলাম-২ এ উল্লিখিত প্রার্থীগণ, কলাম-৩ এ উল্লিখিত সর্বোচ্চ ভোট/সর্বোচ্চ এবং লটারীর ফলাফল এর ভিত্তিতে "নির্বাচিত" হইয়াছেন:—

জোন নং	প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও ঠিকানা	প্রাপ্ত সর্বাচ্চ ভোট/সর্বোচ্চ ভোট এবং লটারী
১	২	৩

তারিখ

রিটার্নিং অফিসার

তফসিল-২

[ইউনিয়ন পরিষদ (সংরক্ষিত আসন) নির্বাচন বিধিমালার ১৯৯৩ এর বিধি ১৮(১) ও ১৮(৫) দ্রষ্টব্য]

সংরক্ষিত মহিলা আসনে নির্বাচন প্রার্থীদের জন্য প্রতীকসমূহের তালিকা :

১। আনারস

২। কাপ-পিরিচ

৩। গাভী

৪। টেলিভিশন

৫। দোয়াত-কলম

৬। বাস

৭। বালতি

৮। মোরগ

৯। মোমবাতি

১০। বই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মজিবুর রহমান প্রধান
উপ-সচিব (আইন)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।